

“একই স্মারক ও তারিখে বিকল্প পত্র”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ শাখা  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৩২.১৭৭.১৯.৯১২

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৬

০১ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: ৩০৪৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ নূর ইসলাম (১৫৮৩৮), সহকারী অধ্যাপক (অর্থনীতি), কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া কে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে পিএইচ.ডি (পূর্ণকালীন) গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৫.১৭.১১৮৩; তারিখ : ২৯/০৭/২০১৯ খ্রি. মোতাবেক দায়িত্ব হস্তান্তরের তারিখ থেকে ০৩ (তিন) বছরের ভর্তির অনুমতিসহ প্রেরণ প্রাপ্ত হয়ে তাঁকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বদলীভিত্তিক পদায়ন করা হয়। সেই মোতাবেক তিনি ৩১/০৮/২০১৯ খ্রি. অপরাহ্নে কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া হতে বিমুক্ত হয়ে অদ্য ০১/০৯/২০১৯ খ্রি. পূর্বাহ্নে মাউশি অধিদপ্তরের প্রশিক্ষণ উইংয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যোগদান করেন।

এমতাবস্থায়, জনাব মোঃ নূর ইসলাম, সহকারী অধ্যাপক (অর্থনীতি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকায় কে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে পিএইচ.ডি (পূর্ণকালীন) গবেষণা কোর্সে অধ্যয়নের জন্য ছাড়পত্র প্রদান করা হ'ল। তাঁকে গবেষণা শেষে ০২ কপি থিসিস পেপার অত্র অধিদপ্তরের প্রশিক্ষণ উইংয়ে জমা প্রদান করতে হবে এবং প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা কোর্সের অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে। উল্লেখ্য, তাঁর প্রেরণের মেয়াদ শেষ হবে ৩০/০৮/২০২২ খ্রি.।

স্বা/-

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

জনাব মোঃ নূর ইসলাম (১৫৮৩৮)  
সহকারী অধ্যাপক (অর্থনীতি)  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৩২.১৭৭.১৯.৯১২/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৬

০১ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) রেজিষ্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, , রাজশাহী।
- ২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরাণা পল্টন,, ঢাকা।
- ৩) পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, , ঢাকা।
- ৪) সংরক্ষণ , নথি।

০১.০৯.২০১৯

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক-২